

মোঃ জাকির হোসাইন
উপ-পরিচালক (মহাসহ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪/০৭/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০২.২৩.১১৯৩

তারিখ: ২০ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: এমপিওভুক্ত মাদ্রাসাসমূহে অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহকারী সুপার এর শূন্যপদ পূরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আন্তর্জাতিক এমপিওভুক্ত কামিল, ফাযিল, আলিম ও দাখিল স্তরের অনেক মাদ্রাসায় অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহ-সুপার পদসমূহ শূন্য রয়েছে মর্মে পরিলক্ষিত হয়েছে। প্রশাসনিক এসব গুরুত্বপূর্ণ পদ দীর্ঘদিন শূন্য থাকা সত্ত্বেও পদ পূরণে কোনো উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। উক্ত পদসমূহ দীর্ঘদিন শূন্য থাকার ফলে শিক্ষার্থীদের পাঠদান ও মনিটরিং, আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনাসহ সার্বিক কার্যক্রম ব্যাহত হয়। মাদ্রাসাসমূহে শিক্ষার সুষ্ঠু ও সুন্দর পরিবেশ এবং শিক্ষার গুণগতমান বজায় রাখার লক্ষ্যে এ ধরনের শূন্যপদ দ্রুত পূরণ হওয়া অত্যাবশ্যিক। এছাড়া কিছু মাদ্রাসার এমপিওভুক্তির স্তর পরিবর্তন হলেও অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদ সমন্বয় করা হচ্ছে না।

০২. এমতাবস্থায়, যে সকল মাদ্রাসায় অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহ-সুপারের পদ শূন্য রয়েছে সে সকল মাদ্রাসায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) ও সর্বশেষ পরিমার্জন অনুযায়ী আগামী ০৩ (তিন) মাসের মধ্যে শূন্য পদসমূহে নিয়োগের ব্যবস্থা গ্রহণ এবং এমপিওভুক্তির স্তর পরিবর্তন হওয়ার কারণে আলিম পর্যায়ের মাদ্রাসায় অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদ সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩. উপরিউক্ত নির্দেশনা প্রতিপালনে যেসব মাদ্রাসা ব্যর্থ হবে সেসব মাদ্রাসার অন্যান্য পদে নিয়োগের জন্য মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন/পদোন্নতি/উচ্চতর গ্রেড ইত্যাদি প্রদান করা হবে না এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ/সুপার এর এমপিও সাময়িক বন্ধসহ সকল ধরনের আর্থিক এবং প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪-০৭-২০২৩
মো: জাকির হোসাইন
উপ-পরিচালক
৪১০৩০১৬৩
ddadmeb@gmail.com

অধ্যক্ষ/সুপার...সকল।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০২.২৩.১১৯৩/১ (২)

তারিখ: ২০ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী পরিচালক, সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এবং
- ২। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।



A handwritten signature in black ink, appearing to be 'M. Ismail Hossain'.

০৪-০৭-২০২৩

মো ইসমাইল হোসেন

সহকারী পরিচালক